

স্বৈচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২৫-২০২৬ অর্থবছরের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বৈচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২৫-২০২৬ অর্থবছরের অনুদান (সাধারণ, ঘূর্ণায়মান ও স্বৈচ্ছাধীন) বিতরণের লক্ষ্যে নির্ধারিত ফরমে নিম্নোক্ত শর্তে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

অনুদানের শ্রেণি	আবেদন দাখিলের সময়সীমা	আবেদন দাখিলের স্থান	ফরম	আবেদন ফরম প্রাপ্তি স্থান
সাধারণ অনুদান	উপজেলা পর্যায়ে ১৫ সেপ্টেম্বর' ২০২৫ জেলা পর্যায়ে ১৫ অক্টোবর' ২০২৫	➤ উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ➤ জেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়	নির্ধারিত ফরম	সংশ্লিষ্ট উপজেলা/ উপপরিচালকের কার্যালয় এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের website : www.dwa.gov.bd
ঘূর্ণায়মান অনুদান	উপজেলা পর্যায়ে ১৫ সেপ্টেম্বর' ২০২৫ জেলা পর্যায়ে ১৫ অক্টোবর' ২০২৫	ঐ	ঐ	ঐ
স্বৈচ্ছাধীন অনুদান	ফেব্রুয়ারি' ২০২৬	➤ উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ➤ জেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয় ➤ প্রধান কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এবং ➤ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	নির্ধারিত ফরম অথবা সংস্থার নিজস্ব প্যাডে	ঐ

২। আবেদন করার যোগ্যতা

- মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় নিবন্ধিত হতে হবে।
- সাধারণ ও ঘূর্ণায়মান অনুদানের ক্ষেত্রে নিবন্ধনের মেয়াদ ১৫/১১/২০২৫ তারিখে ০২ (দুই) বছর পূর্ণ হতে হবে।
- স্বৈচ্ছাধীন অনুদানের ক্ষেত্রে নিবন্ধনের মেয়াদ ০১ (এক) বছর পূর্ণ হতে হবে।

৩। সকল আবেদনের সাথে যে সকল কাগজপত্র ও তথ্যাদি সংযুক্ত করতে হবে

- রেজিস্ট্রেশন ও হালনাগাদ নবায়ন কার্ডের সত্যায়িত অনুলিপি;
- সমবায়/সরকার অনুমোদিত অডিট ফর্ম কর্তৃক সম্পাদিত হাল নাগাদ অডিট রিপোর্ট (৩০/০৬/২০২৫ পর্যন্ত পূর্ববর্তী ২ বছর);
- সংশ্লিষ্ট উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক সরেজমিন হালনাগাদ সমিতি পরিদর্শন/মূল্যায়ন প্রতিবেদন।
- সংস্থার বর্তমান কার্যক্রম ও ভবিষ্যত কর্মপরিকল্পনা;
- নাম, পদবী ও ভোটার আইডি কার্ড/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপিসহ কার্যকরী কমিটির তালিকা;
- সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত চলতি অর্থ বছরের বাজেট।
- ২০২৩-২০২৪ অর্থবছরে প্রাপ্ত অনুদানের অর্থ (যদি পেয়ে থাকে) কি-কাজে ব্যবহার করা হয়েছে তার বিবরণ;
- চলতি অর্থবছরের অনুদানের অর্থ কি-কাজে ব্যবহার করা হবে তার বিবরণ এবং আবেদন ফরমে চাহিত অন্যান্য প্রমাণক;
- ঘূর্ণায়মান অনুদানের ক্ষেত্রে সমিতির অফিসের নিজস্ব/ভাড়া বাড়ির চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

৪। নিবন্ধনকৃত স্বৈচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে বার্ষিক এককালীন সাধারণ/ঘূর্ণায়মান/স্বৈচ্ছাধীন অনুদান প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। একটি সমিতি সাধারণ/ঘূর্ণায়মান/স্বৈচ্ছাধীন যে কোন একটি শ্রেণিতে আবেদন করতে পারবে। একাধিক শ্রেণিতে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের website : www.dwa.gov.bd হতে ডাউনলোড করা যাবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র জমা দিলে তা গ্রহণযোগ্য হবে না। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


২২/০৭/২০২৫
(রেজিনা আরজু লাভলী)

উপপরিচালক (রেজিস্ট্রেশন ও জনসংযোগ)

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।